দৈনিক ইত্তেফাক

তারিখ ... 26 MAY 2007 ... পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

# চট্টগ্রামের মাধ্যমিক বিদ্যালয়গুলোতে শিক্ষকের বহু পদ শূন্য

## ছাড়পত্র না পাওয়ায় নিয়োগ দেয়া যাচ্ছে না

॥ চট্টগ্রাম অফিস ॥

শিক্ষক সংকটের কারণে চট্টগ্রামের মাধ্যমিক বিদ্যালয় সমূহে পাঠদান ব্যাহত হচ্ছে। সূত্র মতে জেলার মাধ্যমিক বিদ্যালয় সমূহে ১৫ ভাগ প্রধান শিক্ষক ও ৩৫ভাগ সহকারী শিক্ষকের পদ শূণ্য রয়েছে। শূণ্যপদে শিক্ষক নিয়োগের জন্য শিক্ষা অধিদপ্তরের ছাড়পেতে বিলম্ব হওয়ায় সংকটে প্রকট আকার ধারণ করেছে।

সূত্র আরো জানায় মাধ্যমিক বিদ্যালয়সমূহে সহকারী শিক্ষকের বিপুল সংখ্যক পদ শূন্য থাকায় শিক্ষার্থীরা বেশি ক্ষতির সম্মুখীন হচ্ছে। বিশেষ করে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ শিক্ষকের পদ শূন্য থাকায় বিষয়ভিত্তিক পাঠদান দারুণভাবে ব্যাহত হচ্ছে। প্রতিমাসেই কিছু শিক্ষক এলপিআরে যাচ্ছেন। অথচ প্রক্রিয়াগত কারণে পদগুলো সহজে পূরণ করা যাচ্ছে না।

সূত্র জানায়, চট্টগ্রাম জেলায় সরকারি ও বেসরকারি মিলিয়ে ৬৬১টি মাধ্যমিক বিদ্যালয় রয়েছে। ১৩টি সরকারি বিদ্যালয় ছাড়া বাকিগুলো বেসরকারি। এতে বর্তমানে ৯৪টি প্রধান শিক্ষকের পদশূন্য রয়েছে। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্বদিয়ে কাজচালানো হচ্ছে।জেলা শিক্ষা অফিসে সহকারী শিক্ষকের শূন্যপদের সঠিক তালিকা পাওয়া না গেলে ধারণা করা হচ্ছে প্রায় ৩৫ ভাগ সহকারি শিক্ষকের পদ শূন্য রয়েছে। বিশেষ করে গণিত ও ইংরেজি বিষয়ের শিক্ষক পদ শূন্য থাকায় শিক্ষার্থীরা বেশি ক্ষতির সম্মুখীন হচ্ছে। সূত্র মতে জেলার ৬৬১টি মাধ্যমিক বিদ্যালয়ে মোট ৮২৭৩ জন শিক্ষকের মধ্যে এমপিওভুক্ত শিক্ষক ৬৮০২ জন।

এর মধ্যে মহিলা শিক্ষক রয়েছেন ২২৬৭ জন এবং মোট ছাত্রছাত্রীর সংখ্যা ৩ লাখ ১৬ হাজার ৮৮৪ জন।